



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের কার্যালয়

রাজশাহী কলেজ, রাজশাহী

e-mail: [rajshahicollegebd@gmail.com](mailto:rajshahicollegebd@gmail.com), website: [www.rc.gov.bd](http://www.rc.gov.bd)

online news portal: [rcbarta.com](http://rcbarta.com), fax: 02588853145

স্মারক নম্বর: ৩৭.০২.৮১২২.১০১.২৪.১৫৭৫

তারিখ: ৩১ শ্রাবণ ১৪৩১ বঙ্গাব্দ  
১৫ আগস্ট ২০২৪ খ্রিষ্টাব্দ

### বিজ্ঞপ্তি


বিষয়: শ্রেণিকক্ষ পাঠদান কার্যক্রম শুরু প্রসঙ্গে

সূত্র: স্মারক নং-৩৭.০০.০০০০.০৭১.০৬.০০৭.২০১৬-৩৩৩, তারিখ: ১৫/০৮/২০২৪ খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, মাননীয় প্রধান উপদেষ্টা মহোদয়ের নির্দেশনা মোতাবেক উচ্চ মাধ্যমিক একাদশ-দ্বাদশ শ্রেণিসহ সকল শ্রেণির (স্নাতক পাস, স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর পর্যায়ের) শিক্ষার্থীদের নির্ধারিত ক্লাস রুটিন অনুযায়ী আগামী ১৮/০৮/২০২৪ খ্রি: থেকে শ্রেণিকক্ষে পাঠদান কার্যক্রম শুরু হবে। নিম্নবর্ণিত নির্দেশনা মোতাবেক সংশ্লিষ্টদের শ্রেণিকার্যক্রম ও অন্যান্য প্রয়োজনে কলেজে উপস্থিত হওয়ার জন্য অনুরোধ করা হলো।

প্রয়োজনীয় নির্দেশনা:

- ১। বহিরাগতদের জন্য প্রবেশাধিকার সংরক্ষিত।
- ২। শিক্ষার্থীদের আইডি কার্ড প্রদর্শনপূর্বক কলেজে প্রবেশ করতে হবে।
- ৩। একাদশ শ্রেণির শিক্ষার্থীদের নির্ধারিত পোশাক পরিধান করে কলেজে আসতে হবে ও ভর্তির পে-স্লিপ সাথে আনতে হবে।
- ৪। অন্যান্য শিক্ষার্থীদের প্রশংসাপত্র, সনদপত্রসহ অন্যান্য কাগজপত্র সংগ্রহের জন্য রেজিস্ট্রেশন/প্রবেশপত্র প্রদর্শন করতে হবে।
- ৫। অন্যান্য সাক্ষাৎপ্রার্থীগণকে সংশ্লিষ্টদের সাথে মোবাইল ফোনে যোগাযোগ ও পরিচয় প্রদান করে ভিতরে প্রবেশ করতে হবে।

  
১৫/০৮/২০২৪

✓অধ্যক্ষ

রাজশাহী কলেজ, রাজশাহী

০২৫৮৮৮৫৫৪৭৫

অনুলিপি অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো

- ১। উপাধ্যক্ষ, রাজশাহী কলেজ, রাজশাহী;
- ২। বিভাগীয় প্রধান (সকল), রাজশাহী কলেজ, রাজশাহী (শিক্ষার্থীদের অবহিত করণের অনুরোধসহ);
- ৩। প্রধান তত্ত্বাবধায়ক মুসলিম ছাত্রাবাস/ছাত্রী নিবাস/মহারানী হেমন্তকুমারী হিন্দু ছাত্রাবাস, রাজশাহী কলেজ, রাজশাহী;
- ৪। প্রধান সহকারী, রাজশাহী কলেজ, রাজশাহী;
- ৫। সংরক্ষণ নথি;